



ইরাকের শিয়া নেতৃত্বের কাছে বার্তা পাঠালেন মোজতবা খামেনি



ইরানের নতুন সর্বোচ্চ নেতা মোজতবা খামেনি। ছবি : সংগৃহীত

মধ্যপ্রাচ্যে চলমান রাজনৈতিক উত্তেজনার মধ্যে ইরাকের শিয়া রাজনৈতিক মহলের উদ্দেশ্যে একটি গুরুত্বপূর্ণ বার্তা পাঠিয়েছেন ইরানের সর্বোচ্চ নেতা মোজতবা খামেনি। এই বার্তাকে কেন্দ্র করে নতুন করে কূটনৈতিক আলোচনার সৃষ্টি হয়েছে।

রোববার (২৯ মার্চ) ইরানি গণমাধ্যমের প্রতিবেদনে বলা হয়, বাগদাদে দায়িত্বপ্রাপ্ত ইরানি রাষ্ট্রদূত মোহাম্মদ কাজেম আল-সাদেক এক বৈঠকে ইরাকের শিয়া-সমর্থিত রাজনৈতিক দল সুপ্রিম ইসলামিক কাউন্সিলের প্রধান হাম্মাম হামুদির কাছে এই বার্তা হস্তান্তর করেন।

বৈঠকে নাজাফের প্রভাবশালী ধর্মীয় কর্তৃপক্ষ বা মারজাদের অবস্থানকে বিশেষভাবে গুরুত্ব দেন ইরানি রাষ্ট্রদূত। ইরান, ইসরায়েল ও যুক্তরাষ্ট্রকে ঘিরে চলমান উত্তেজনায় তাদের ভূমিকা “স্পষ্ট ও গুরুত্বপূর্ণ” বলে মন্তব্য করেন তিনি।

এছাড়া ইরানের প্রতি সমর্থন জানিয়ে ইরাকি জনগণের বিভিন্ন কর্মসূচি, প্রতিবাদ সমাবেশ এবং আর্থিক সহায়তার জন্য কৃতজ্ঞতাও প্রকাশ করা হয় ওই বার্তায়।

উল্লেখ্য, গত ২৮ ফেব্রুয়ারি ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের যৌথ হামলায় ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আলী খামেনির মৃত্যু হয়েছে বলে দাবি করা হয়। এরপর থেকেই তার ছেলে মোজতবা খামেনিকে নতুন সর্বোচ্চ নেতা হিসেবে বিবেচনা করা হচ্ছে বলে বিভিন্ন সূত্র জানালেও, তিনি এখনো প্রকাশ্যে আসেননি। তার কোনো ভিডিও বা অডিও বার্তা না থাকায় বিষয়টি নিয়ে নানা জল্পনা চলছে।